## কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE|পৃষ্ঠা- 4 [ PRICE|মূল্য- 2 ]


HOWRAH|হাওড়া ● DAILY|দৈনিক ● 9 AUGUST 2026 ,SUNDAY|৯ আগস্ট ২০২৬ ,রবিবার ● VOLUME|বর্ষ-6 ● ISSUE|সংখ্যা-247


## তুরতুরিতে বৃক্ষরোপণ কর্মসূচিতে বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ আগস্ট :** পশ্চিমবঙ্গ সরকারের বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ গত জুলাই মাসের ২৮ তারিখ থেকে গাছ লাগানো শুরু করেছেন। শনিবার দলীয় কার্যকর্তাদেরকে সঙ্গে নিয়ে তুরতুরি এলাকায় গাছ লাগালেন। মায়ের নামে একটি গাছ লাগানোর বার্তা দিয়েছিলেন মন্ত্রী। কুমারগ্রাম বিধানসভায় ১০ লক্ষ চারা গাছ রোপন করা হবে গত ২৮ শে জুলাই থেকে চারা গাছ রোপন শুরু হয়েছে। এদিন তুরতুরি এলাকায় বৃক্ষরোপণ কর্মসূচিতে যোগদান করেছেন এলাকার বাসিন্দারাও।

## সিকিম মহানন্দা এক্সপ্রেসে মহিলা যাত্রীকে ধর্ষণের অভিযোগ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ আগস্ট :** সিকিম মহানন্দা এক্সপ্রেসে এক মহিলা যাত্রীকে ধর্ষণের অভিযোগকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। এই ঘটনায় রেলযাত্রীদের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে নতুন করে প্রশ্ন উঠতে শুরু করেছে। অভিযোগ প্রকাশ্যে আসতেই উদ্বেগ ছড়িয়েছে যাত্রীদের মধ্যে, বিশেষ করে একাকী মহিলা যাত্রীদের নিরাপত্তা নিয়ে।জানা গিয়েছে, ট্রেন যাত্রাকালীন এক মহিলা যাত্রীর উপর যৌন নির্যাতনের অভিযোগ ওঠে। ঘটনার খবর পেয়ে রেলওয়ে পুলিশ (GRP) ও রেল সুরক্ষা বাহিনী (RPF) তদন্ত শুরু করেছে। অভিযুক্তকে চিহ্নিত করার পাশাপাশি ঘটনার সমস্ত দিক খতিয়ে দেখা হচ্ছে বলে সূত্রের খবর।এই ঘটনাকে কেন্দ্র করে যাত্রী মহলে ক্ষোভের সৃষ্টি হয়েছে। প্রশ্ন উঠছে, ট্রেনে নিয়মিত টহল, সিসিটিভি নজরদারি এবং নিরাপত্তা ব্যবস্থার যথাযথ প্রয়োগ থাকলে এমন ঘটনা কীভাবে ঘটল? যাত্রী সংগঠনগুলির দাবি, দূরপাল্লার ট্রেনগুলিতে নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করতে হবে এবং মহিলা যাত্রীদের জন্য বিশেষ সুরক্ষা ব্যবস্থা নিশ্চিত করতে হবে।রেল কর্তৃপক্ষের পক্ষ থেকে ঘটনার তদন্তে পূর্ণ সহযোগিতার আশ্বাস দেওয়া হয়েছে। দোষীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে বিভিন্ন মহল থেকে। এই ঘটনায় আবারও সামনে এল রেলযাত্রীদের নিরাপত্তার প্রশ্ন। দেশের অন্যতম গুরুত্বপূর্ণ গণপরিবহন ব্যবস্থায় যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে রেল কর্তৃপক্ষকে আরও কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবি জোরালো হচ্ছে।

## প্রকাশ্য রাস্তায় গুলি চালিয়ে খুন প্রধান শিক্ষক কে



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,উত্তর দিনাজপুর ,৮ আগস্ট :** প্রকাশ্য দিবালোকে গুলি চালিয়ে প্রধান শিক্ষককে খুনের ঘটনায় ব্যপক চাঞ্চল্য ছড়িয়েছে উত্তরদিনাজপুর জেলায়। জানা গেছে উত্তর দিনাজপুর জেলার ইসলামপুর থানার অন্তর্গত রামগঞ্জ রাজাভিম প্রাথমিক স্কুলের প্রধান শিক্ষক নজরুল ইসলাম শনিবার সকালে মোটর বাইক চালিয়ে স্কুলে যাচ্ছিলেন। সেই সময় মাদারীপুর নামক স্থানে তাকে গুলি করে পালিয়ে যায় দুষ্কৃতিরা। স্থানীয়রা পুলিশে খবর দেন। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় ইসলামপুর থানার পুলিশ। গুরুতর জখম অবস্থায় এম্বুল্যান্সে করে প্রধান শিক্ষককে ইসলামপুর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। অবস্থার অবনতি হওয়ায় সেখান থেকে জখম প্রধান শিক্ষককে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়। উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে পৌঁছানোর আগেই পথেই মৃত্যু হয় গুলিতে জখম নজ্রুল ইসলামের। ঘটনায় ব্যপক চাঞ্চল্য ছড়িয়েছে উত্তর দিনাজপুর জেলা জুড়ে।। মৃত প্রধান শিক্ষকের পরিবার সূত্রে জানা গেছে নজরুল ইসলাম ছিলেন অজাতশত্রু ও ভালো স্বভাবের মানুষ। তাকে কে বা কারা গুলি করলো বা কেন করলো তা ভেবে পাচ্ছেননা পরিবারের সদস্যরা সহ পাড়া প্রতিবেশীরা। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## উদ্ধার ব্রাউন সুগার,গ্রেপ্তার দুই মহিলা



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,৮ আগস্ট :** কোচবিহার জেলা পুলিশের মাথাভাঙ্গা থানার পুলিশ বিশ্বস্ত সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে শনিবার দুপুরে মাথাভাঙ্গা রেল স্টেশনে অভিযান চালিয়ে দুজন মহিলাকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক দুজনের হেফাজত থেকে উদ্ধার হয় তিনশ দশ গ্রাম ব্রাউন সুগার। উদ্ধার করা ব্রাউন সুগার বাজেয়াপ্ত করে আটক দুজনকে গ্রেপ্তার করা হয়। তদন্তের স্বার্থে পুলিশ ধৃতদের পরিচয় গোপন রেখেছে। পুলিশের অনুমান ধৃত দুজন বড় কোনো পাচার চক্রের সদস্য। পুলিশ সুত্রে জানা গেছে এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে উদ্ধার, বাজেয়াপ্ত ও গ্রেপ্তারি পর্ব সম্পন্ন করা হয়েছে। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে ও আদালতে পাঠানো হয়েছে। এই চক্রের সন্ধানে তল্লাশী চালিয়ে যাচ্ছে পুলিশ।

## নাম পরিবর্তন

আমি Prabha Sarkar, H/O Bhajahari Sarkar, P.O- Paschim Salbari, Dhupguri, Jalpaiguri, আমার সন্তানের শংসাপত্রে বর্ণীত আমার নাম Prava Sarkar -এর পরিবর্তে Prabha Sarkar হবে।

## কবিতা ও গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা ও গল্প" প্রকাশিত করতে যোগাযোগ করুন- ৯০৬২৮৬৭৯২১।কবিতা ২০০ শব্দের ভিতর ও গল্প ৬০০ শব্দের ভিতর।

# ৪৮ ঘন্টা পার হয়ে গেছে ,সাঁকো হয়নি



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ আগস্ট :** ৪৮ ঘণ্টা কেটে গেলেও বোরাগাড়ি এলাকায় যোগাযোগ ব্যবস্থা ঠিক হলো না। গদাধর নদীর বাঁধ ভেঙ্গে জল ঢুকে গিয়েছিল বোরাগাড়ি গ্রামে। জলের স্রোতে ভেঙ্গে গিয়েছিল গ্রামের একমাত্র চলাচলের পাকা রাস্তা। এরই মধ্যে কেটে গেছে ৪৮ ঘন্টা। প্রশাসনিক কর্তারা ওই এলাকায় গিয়ে পরিদর্শন করে রাস্তা পারাপারের জন্য জরুরীকালীন ভিত্তিতে বাঁশের সাঁকো তৈরি করবেন বলেছিলেন। কিন্তু শনিবার বিকেল পর্যন্ত সাঁকো তৈরীর কোন পরিকল্পনা দেখা যায়নি। এদিকে শনিবারে বেশ কয়েকজন ছাত্র-ছাত্রী ভাঙ্গা রাস্তা পারাপার করতে গিয়ে বিপাকে পড়ে গেছেন এমনকি এক ছাত্রী পা পিছলে জলে উপরে গেছে এমনটাও শোনা গেছে ওই এলাকায় নিয়ে। প্রশাসনিক ব্যর্থতার ফলেই বড় ধরনের অঘটন ঘটার সম্ভাবনা রয়েছে ওই এলাকায়।

# মহিলাদের নিরাপত্তা বিষয়ক সচেতনতামূলক কর্মসূচি




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,৮ আগস্ট :** শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন ভক্তিনগর থানার অন্তর্গত আশিঘর পুলিশ ফাঁড়ির কর্মীদের উদ্যোগে শনিবার ফাঁড়ি এলাকার তেলিপাড়ায় মহিলাদের নিরাপত্তা বিষয়ক এক সচেতনতামূলক কর্মসূচি আয়োজিত হয়। এদিনের কর্মসুচিতে মহিলাদের আত্মবিশ্বাস বৃদ্ধি করা,নিজেদের অধিকার সম্পর্কে সচেতন থাকা ও প্রয়োজনে দ্রুত নির্দ্বিধায় পুলিশের সহায়তা গ্রহন বিষয়গুলি নিয়ে আলোচনার মাধ্যমে উপস্থিত।মহিলাদের সচেতন করা হয়। প্রয়োজনে দ্রুত পুলিশের সহায়তা পাবার জন্য আশিঘর পুলিশ ফাঁড়ি,ভক্তিনগর থানা ও মহিলা থানার হেল্প ডেস্ক নম্বর উপস্থিত মহিলাদের প্রদান করা হয়। পুলিশ সূত্রে জানানো হয়েছে মহিলাদের নিরাপত্তা বিষয়ে তাদের সচেতন করার লক্ষ্যে কমিউনিটি পুলিশিং কার্যক্রমের অংশ হিসেবে এই কর্মসূচি আয়োজিত হয়।

# কোচবিহার সদর ট্র্যাফিক পুলিশ এবং কোচবিহার জেলা পুলিশের উদ্যোগে জেলাজুড়ে আয়োজিত হল বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচি




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,৮ আগস্ট :** আজ কোচবিহার সদর ট্র্যাফিক পুলিশ এবং কোচবিহার জেলা পুলিশের উদ্যোগে সড়ক নিরাপত্তা সপ্তাহের চতুর্থ দিনে জেলাজুড়ে আয়োজিত হল বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচি। এই কর্মসূচিতে কয়েকটি বিশেষ আকর্ষণ ছিল ট্রাফিক সরঞ্জাম প্রদর্শনী, প্রশিক্ষণ নিয়ে ছাত্রছাত্রীদের ট্রাফিক নিয়ন্ত্রণে অংশগ্রহণ, সড়ক নিরাপত্তা বিষয়ক সচেতনতা মিছিল ও পথনাটিকা, গ্রামীণ এলাকায় মোবাইল ভ্যানের মাধ্যমে সচেতনতা প্রচার ও স্বাক্ষর অভিযান। শহরের কিছু কিছু স্থানে হেলমেট বিহীন চালকদের হেলমেট বিতরণ করা হয়। পাশাপাশি ট্রাফিক আইন না মানলে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সচেতনতা ও হুঁশিয়ারি র প্রচার ও করা হয়। ট্রাফিক পুলিশের এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন ওসি সদর ট্র্যাফিক সুরেশ দাস এবং অন্যান্য ট্র্যাফিক অফিসারেরা। সুরেশ জানান এই ধরনের সচেতনতা মুলক অভিযান ধারাবাহিক ভাবে চলতে থাকবে।

# জয়গাঁতে পাকিস্তানি ক্রিম ও থাই প্রসাধনী সহ গ্রেফতার ২




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ আগস্ট :** গোপন সূত্রে খবর পেয়ে জয়গাঁতে বড়সড় অভিযান চালিয়ে পাকিস্তানি ক্রিম ও থাইল্যান্ডের প্রসাধনী সামগ্রী-সহ দু'জনকে গ্রেফতার করল পুলিশ। বাজেয়াপ্ত করা হয়েছে একটি পিকআপ ভ্যানও। উদ্ধার হওয়া সামগ্রীর আনুমানিক বাজারমূল্য প্রায় ৪৩ লক্ষ টাকা বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে।পুলিশ সূত্রে জানা যায়, শুক্রবার রাতে কালচিনি ব্লকের জয়গাঁ থানার হাসিমারা আউটপোস্টের অধীন ১০ নম্বর এলাকায় অভিযান চালানো হয়। একটি পিকআপ ভ্যানে করে হাসিমারা থেকে শিলিগুড়ির দিকে যাওয়ার সময় গাড়িটিকে আটক করা হয়। তল্লাশি চালিয়ে বিপুল পরিমাণ পাকিস্তানি ক্রিম এবং থাইল্যান্ডের প্রসাধনী সামগ্রী উদ্ধার হয়।এই ঘটনায় জয়গাঁর ছোট মেচিয়া বস্তির বাসিন্দা ওম ঘোষ ও লক্ষ্মণ গোয়ালাকে গ্রেফতার করা হয়েছে। পুলিশ সূত্রে দাবি, পাকিস্তান ও থাইল্যান্ডের ওই সামগ্রী কথিতভাবে চিনের মাধ্যমে অবৈধ পথে ভারতে এনে পাচারের চেষ্টা করা হচ্ছিল।তদন্তে জয়গাঁর এক পরিচিত ব্যক্তির নাম কথিতভাবে এই চক্রের মূল পান্ডা হিসেবে উঠে এসেছে বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। অভিযোগ, জয়গাঁর একটি গোডাউন থেকে সামগ্রীগুলি পিকআপ ভ্যানে বোঝাই করে দলসিংপাড়া পর্যন্ত নিয়ে যাওয়া হয়। এরপর দুই অভিযুক্তের হাতে গাড়িটি তুলে দিয়ে সামগ্রীগুলি শিলিগুড়িতে পৌঁছে দেওয়ার নির্দেশ দেওয়া হয়।ঘটনার পিছনে আরও বড় কোনও পাচারচক্র রয়েছে কি না, তা খতিয়ে দেখছে পুলিশ। এই চক্রের সঙ্গে আর কারা জড়িত, তাদের সন্ধানেও তদন্ত শুরু হয়েছে।ধৃত দুই অভিযুক্তকে শনিবার আলিপুরদুয়ার আদালতে পেশ করা হয়। তাঁদের পুলিশি হেফাজতে নিয়ে আরও জিজ্ঞাসাবাদ করা হবে বলে জানা গিয়েছে।

# চালক ও সহকারী চালককে ধারালো অস্ত্র দেখিয়ে ট্রাক থেকে আপেল চুরির অভিযোগে গ্রেপ্তার তিন





**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,৮ আগস্ট :** শিলিগুড়ি রেগুলেটেড মার্কেটে পার্কিং করা আপেল এর কার্টন বোঝাই একটি ট্রাকের একটি চালক ও তার সহকারী চালককে ধারালো অস্ত্র দেখিয়ে খুনের হুমকি দিয়ে ট্রাক থেকে আপেল চুরির অভিযোগে শুক্রবার রাতে তিন জনকে গ্রেপ্তার করে পুলিশ। জানা গেছে শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের প্রধাননগর থানার অন্তর্গত রেগুলেটেড মার্কেটে একটি আপেল বিক্রির দোকানের সামনে বুধবার গভীর রাতে আপেল এর কার্টন বোঝাই একটি ট্রাক পার্কিং করে। সেই ট্রাক থেকে আপেলের কার্টন চুরি হচ্ছিলো। চালক ও তার সহকারী প্রথমে বিষয়টি বুঝতে পারেনি। পরে তাদের নজরে আসে ট্রাক থেকে আপেল এর কার্টন কমে যাচ্ছে, দুজনে নজরদারি শুরু করে ট্রাকের উপর। নজরদারির সময় তারা দেখে কয়েকজন যুবক ট্রাক থেকে আপেল এর কার্টন চুরি করছে। তারা প্রতিবাদ জানালে যুবকরা ধারালো অস্ত্র দেখিয়ে চালক ও তার সহকারীকে খুনের হুমকি দেয়। ঘটনার পর চালক প্রধাননগর থানায় অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেয়ে পুলিশ তদন্ত শুরু করে ও মার্কেটের সি সি টি ভি ফুটেজ দেখে অভিযুক্তদের শনাক্ত করে। শুক্রবার রাতে ঢাকনিকাটা এলাকা থেকে অভিযুক্তদের গ্রেপ্তার করে শনিবার তাদের শিলিগুড়ি আদালতে পেশ করা হয়েছে। ধৃতরা হলো মিঠুন রায়, শিবম সাহনি ও হর্ষ পাশওয়ান। পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।



# কর্মীদের সঙ্গে বৈঠক বনমন্ত্রীর




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ আগস্ট :** তুরতুরি গ্রাম পঞ্চায়েত এলাকায় কর্মীদের নিয়ে বৈঠক করলেন কুমারগ্রামের বিধায়ক তথা পশ্চিমবঙ্গ সরকারের বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ। কুমারগ্রাম বিধানসভার ভোটে তুরতুরি গ্রাম পঞ্চায়েতের বুথ থেকে সবচেয়ে বেশি ভোট পেয়েছেন বিধায়ক তথা মন্ত্রী মনোজ কুমার ওরাওঁ। তারই পুরস্কার স্বরূপ শনিবার বিকেল সাড়ে পাঁচটা নাগাদ বিজেপির নেতৃত্ব সঙ্গে বৈঠক করেন মন্ত্রী এবং ওই এলাকার বেশ কিছু কাজ করার কথা ঘোষণা করেছেন তিনি।

# পথ নিরাপত্তা সপ্তাহ পালন মজিদখানায়



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ আগস্ট :** পথ নিরাপত্তা সপ্তাহ পালিত হলো আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের মজিদখানা হাই স্কুলের ছাত্র-ছাত্রীদের নিয়ে। শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ শামুকতলা ট্রাফিক পুলিশ এবং মজিদ খানা হাই স্কুলের ছাত্র-ছাত্রী শিক্ষকদের যৌথ উদ্যোগে পথ নিরাপত্তা সপ্তাহ উপলক্ষে শোভাযাত্রা বিভিন্ন পথ পরিক্রমা করেন। মূলত পথ চলতি মানুষদের সচেতন করার লক্ষ্যেই এই পথ নিরাপত্তা সপ্তাহ পালন।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |